

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা

উপসচিব  
শেখ হাসিনার মুদ্রা

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৭৫০.২০১১- ৩৬৯৮


তারিখঃ ১৫ ০৬- ২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ মাননীয় সুপ্রীমকোর্টের আপীল বিভাগের সি.পি নং-২২৫২/২০১৩ এর ৩১-০৫-২০১৩ তারিখের আদেশ এবং মাননীয় হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৮৬৫৭/২০১১ এর ১৭/১০/২০১২ তারিখের রায় বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্রঃ ফরিদপুর পৌরসভার স্মারক নং- ১৪৪৪ তাং-০৭/০৫/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ফরিদপুর জেলাধীন ফরিদপুর পৌরসভা কর্তৃক কবিরবাগ পৌর মহিলা কলেজ পরিচালনা সংক্রান্ত বিষয়ে দায়েরকৃত রীট পিটিশন নং-৮৬৫৭/২০১১ মোকদ্দমা হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৩৯০/২০১৫ এর ১৪.০১.২০১৭ তারিখে প্রদত্ত আদেশ বাস্তবায়নের জন্য মাননীয় হাইকোর্ট বিভাগ নির্দেশ দিয়েছেন। কনটেম্পট পিটিশন নং-৩৯০/২০১৫ এ মেয়র, ফরিদপুর পৌরসভা এবং কবিরবাগ পৌর মহিলা কলেজ পরিচালনা কমিটির চেয়ারম্যানকে প্রতিপক্ষ করা হয়েছে। সচিব, স্থানীয় সরকার বিভাগকে প্রতিপক্ষ করা হয়নি। অপরদিকে মাননীয় হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৮৬৫৭/২০১১ এ সচিব, স্থানীয় সরকার বিভাগকে ১নং প্রতিপক্ষ, সচিব, শিক্ষা মন্ত্রণালয়কে ২নং প্রতিপক্ষ, জেলা প্রশাসক, ফরিদপুরকে ৩ নং প্রতিপক্ষ এবং মেয়র, ফরিদপুর পৌরসভাকে ৪নং প্রতিপক্ষ করা হয়েছে। মহামান্য আদালত উক্ত আদেশ ০৩ (তিন) মাসের জন্য স্থগিতকরতঃ রুল ইস্যু পূর্বক সচিব মহোদয়সহ প্রতিপক্ষগণকে জবাব দাখিলের আদেশ দিয়েছেন।

০২। এমতাবস্থায়, ফরিদপুর জেলাধীন ফরিদপুর পৌরসভা কর্তৃক কবিরবাগ পৌর মহিলা কলেজ পরিচালনা সংক্রান্ত বিষয়ে দায়েরকৃত রীট পিটিশন নং-৮৬৫৭/২০১১ মোকদ্দমা হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৩৯০/২০১৫ এর ১৪.০১.২০১৭ তারিখে প্রদত্ত আদেশ বাস্তবায়নে ইতোমধ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা উল্লেখপূর্বক মামলার সর্বশেষ অবস্থাসহ বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৯৯৫

মেয়র  
ফরিদপুর পৌরসভা  
ফরিদপুর।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। উপসচিব ( পৌর-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ (মাননীয় হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৮৬৫৭/২০১১ এর বিষয়ে গৃহীত কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অফিস কপি/মাষ্টার কপি।